হাদি হত্যা মামলায় সিআইডির তদন্ত প্রতিবেদন ২৯ জানুয়ারি



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান বিন হাদি হত্যা মামলায় অধিকতর তদন্ত প্রতিবেদন দাখিলের সময়সীমা আবারও বাড়ানো হয়েছে। পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) প্রতিবেদন জমা দিতে না পারায় আদালত নতুন তারিখ নির্ধারণ করেছেন ২৯ জানুয়ারি।

রোববার (২৫ জানুয়ারি) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলাম এ আদেশ দেন। পল্টন থানায় দায়ের করা এ মামলায় আজই প্রতিবেদন জমার কথা ছিল। কিন্তু নির্ধারিত দিনে প্রতিবেদন না আসায় আদালত সময় বাড়ান।

মামলার অগ্রগতিতে দেখা যায়, গত ৬ জানুয়ারি ডিবি পুলিশ ১৭ জনকে অভিযুক্ত করে অভিযোগপত্র দেয়। তবে সেই অভিযোগপত্রের বিরুদ্ধে আপত্তি জানিয়ে ১৫ জানুয়ারি নারাজি আবেদন করেন মামলার বাদী ও ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আবদুল্লাহ আল জাবের। পরে আদালত মামলাটির অধিকতর তদন্তের নির্দেশ দিয়ে তা সিআইডির কাছে হস্তান্তর করেন।

ঘটনার পর ১৪ ডিসেম্বর জাবের প্রথমে হত্যাচেষ্টার অভিযোগে মামলা করেন। পরবর্তীতে মামলায় দণ্ডবিধির ৩০২ ধারা যুক্ত হয়। থানা পুলিশের পর মামলার তদন্তভার যায় ডিবি পুলিশের হাতে। তদন্ত শেষে সাবেক ওয়ার্ড কাউন্সিলর তাইজুল ইসলাম চৌধুরী বাপ্পি, সাবেক ছাত্রলীগ কর্মী ফয়সাল করিম মাসুদসহ ১৭ জনকে আসামি করে অভিযোগপত্র দাখিল করা হয়।